

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২৭, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৬শে অক্টোবর ২০০২/১১ই কার্তিক ১৪০৯

এস,আর,ও নং ২৯৩-আইন/২০০২—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ২১৪-আইন/২০০২, তারিখ ৩ আগস্ট, ২০০২ ইংরেজী মোতাবেক ১৯শে শ্রাবণ, ১৪০৯ বাংলা দ্বারা নিম্নতফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য যশোর জেলার ডেপুটি কমিশনার-কে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকা রক মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সম্বন্ধে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

(৪৫৭৩)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) কে শব্দভঙ্গি ব্যবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৫ কার্তিক, ১৪০৯ বাংলা মোতাবেক ৩০ অক্টোবর, ২০০২ইং তারিখ হইতে মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি বাঘারপাড়া মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে,এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	দরাজহাট	মহিরাণ	৯৩	১০২৯-১০৭১, ১২০৩-১২৮০, ১৩৪২-১৩৫০, ১৫৩৮-১৯৮২
(২)	দরাজহাট	বাঘারপাড়া	৯৪	৪৭৬-৫০০, ৫৩৭-৫৭২, ৫৭৬-৫৯৬, ৬৫৯-৮৭০, ৯৬৮-১১২৯
(৩)	দোহাকুলা	মীরপুর	৯৫	২৫০-২৯৪, ৩২০-৩৩২
(৪)	দোহাকুলা	তালবাড়ীয়া	৯৬	২-৯, ২৮-৫০
(৫)	দোহাকুলা	দোহাকুলা	১১৬	১-১৭৬, ২৩৩-৫২৬, ৫৭১-৬৯৪, ১৭৪৩-১৮১৬, ২৭৯২-২৮০৮
(৬)	দরাজহাট	পাইকপাড়া	৮৬	৩৫৮৬-৩৬৪২

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার
উপ-সচিব (পৌর)।